FEED THE FUTURE
The U.S. Government's Global Hunger & Food Security Initiative

# কৃষি সম্প্রসারণ সেবায় জেন্ডার ও পুষ্টিকে সমন্বয়করণ

একটিভিটি শিট্

মার্চ-২০১৬


## কে, কি করে ?
## আন্তঃপারিবারিক কার্যাবলীতে জেন্ডার বিশ্লেষণ


**সময় ঃ**

৬০ - ৯০ মিনিট

**প্রয়োজনীয় উপকরনসমূহ ঃ**

- ফ্লিপচার্ট পেপার, মার্কার বা চক, টেপ




### ভূমিকা

গ্রামীন সমাজে যারা দৈনন্দিন কার্যক্রম সম্পাদনে কার ভূমিকা কেমন ও ক্ষেত খামারে সমাজে নারী-পুরুষের ভূমিকা বিষয়ে সচেতনতা সৃষ্টি করে এবং নারী-পুরুষকে কতটুকু কাজ করবে ও সমাজ ব্যবস্থায় লিঙ্গ অনুযায়ী নারী-পুরুষের কখন কি ভূমিকা ও দায়িত্ব হবে সেটি পরীক্ষা করা। যখন কার্যক্রমগুলো বারবার পরীক্ষা করা হয় তখন জেন্ডার এবং সামাজিক প্রেক্ষাপটে কে কোন কাজ করছে তা বিবেচনা করতে হবে। গ্রামীন নারীরা দৈনন্দিন বিভিন্ন কাজে জড়িত থাকে, বিশেষ করে শিশুর যত্ন ও খাবার তৈরিতে দিনের একটি বড় সময় ব্যয় হয়, জেন্ডার Stereotypes এর উপর ভিত্তি করে বৈষম্য চিহ্নিত করতে কে কি করে তা সনাক্তকরণ ও সম্পাদন প্রথম ধাপ হতে পারে এবং প্রাথমিক জেন্ডার বিশ্লেষণ পরিচালনা করার একটি পদ্ধতি হতে পারে।

### উদ্দেশ্য

- ✓ একটি সাধারন গ্রামীন পরিবারে ঘড়ের কাজ কে করে, ক্ষেতে খামারে কে কাজ করে, সমাজে কে কাজ করে- এগুলো চিহ্নিত করা
- ✓ পরিবারের মধ্যে কাজের অসম বন্টনের প্রভাব বিশ্লেষণ করা।

### ধাপসমূহ

১. অংশগ্রহণকারীদেরকে তাদের জন্ম মাস অনুযায়ী তিনটি দলে বিভক্ত করুন -
দল-১ ঃ যাদের জন্ম হয়েছে জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ ও এপ্রিল মাসে
দল-২ ঃ যাদের জন্ম হয়েছে মে, জুন, জুলাই ও আগষ্ট মাসে
দল-৩ ঃ যাদের জন্ম হয়েছে সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর মাসে

২. দলগুলোকে নিচের কাজগুলো করতে দিন
দল-১ ঃ পরিবারে যে সকল কাজ প্রতিদিন করতে হয়, যেমন, কাপড় ধোয়া
দল-২ ঃ কৃষি জমিতে যে সকল কাজ প্রতিদিন করতে হয়, যেমন, আগাছা পরিষ্কার করা
দল-৩ ঃ সমাজে যে সকল কাজ প্রতিদিন করতে হয়, যেমন, স্থানীয় বাজারে সবজি বিক্রয় করা।

৩. প্রত্যেক দলকে একটি ফ্লিপচার্ট পেপার ও একটি মার্কার বা চক দিন। তাদেরকে লিখে বা চিত্র এঁকে দেখাতে বলুন যে একটি পরিবারে, একটি জমিতে ও একটি সমাজে প্রাত্যহিক কি কি কাজ হয়। দরকার হলে কিছু উদাহরন দিন ঃ

| **ফার্মে** | **সমাজে** |
|---|---|
| আলু লাগানো | খাদ্য কেনা |
| ধান কর্তন | ব্যাংকিং |
| গাভীর দুগ্ধ দোহন | সভায় উপস্থিত থাক |
| খামার থেকে ডিম সংগ্রহ | বাজারে পণ্য বিক্রয় করা |
| বীজতলা তৈরীর কাজ বা জমি চাষ করা | |
| গবাদী পশুকে খাদ্য দেয়া | |


**পরিবারে**

| | |
|---|---|
| খাবার রান্না করা | বিশ্রামকরা বা গল্প করা |

USAID FROM THE AMERICAN PEOPLE

This publication is made possible by the support of the American people through the United States Agency for International Development (USAID). The views expressed in this publication do not necessarily reflect the views of USAID or the United States Government.

INGENAES Integrating Gender and Nutrition within Agricultural Extension Services






| | |
|---|---|
| খবরের কাগজ পড়া | জ্বালানী কাঠ বা জ্বালানী সংগ্রহ করা |
| রেডিওতে অনুষ্ঠান করা | পানি সংগ্রহ করা |
| ঘড় পরিষ্কার করা | বাড়ী-ঘড়ের মেরামত করা |
| পরিবারের সদস্যদের খাবার পরিবেশন করা | বাচ্চাদের গোসল করানো |
| বৃদ্ধ পিতা-মাতা বা আত্নীয়দের দেখা-শোনা করা | |

৪. এই তালিকাটি প্রস্তুত করতে দলগুলোকে ১৫-২০ মিনিট সময় দিন। এরপর দলগুলোকে নীচের প্রশ্নগুলোর উত্তর লিখতে বলুন ঃ-
   *সবুজ রঙের মার্কার দিয়ে নারী বা বালিকারা যে কাজ করে সেটি চিহ্নিত করুন*
   *নীল রঙের মার্কার দিয়ে পুরুষ বা বালকরা যে কাজ করে সেটি চিহ্নিত করুন*
   *খয়েরী রঙের মার্কার দিয়ে নারী বা পুরুষের যে কাজ করে সেটি চিহ্নিত করুন*

৫. এরপর প্রতিটি দলের আঁকা/তৈরী করা ফ্লিপচার্ট গুলো মাটিতে বিছিয়ে দিন বা টেপ দিয়ে দেয়ালে সেঁটে দিন, এখানে দলটির কমপক্ষে একজন সদস্য থাকবে। অন্য দলগুলোকে আমন্ত্রণ জানান, যদি তারা তালিকাটিতে কোন কিছু যোগ করতে বা কোন কিছু ব্যাখ্যা করতে চান। সকল দলের লিষ্ট উপস্থাপন করা হয়ে গেলে, অংশগ্রহণকারীদেরকে নিচের প্রশ্নগুলো করুন ঃ-

- *কে বেশীরভাগ কাজ করে ? (শ্রম বিভাজন----- ন্যায়সংগত বনাম সমান)*
- *কোন কাজে শারীরিক শক্তি বেশী ব্যয় করতে হয় ? (শক্তি ব্যায়)*
- *দিনের বেশীর ভাগ সময় কোন কাজে ব্যয় করতে হয় ? (শক্তি ব্যায়)*
- *পরস্পর বিরোধী কাজ কোনগুলো ? (জমিতে কাজ করা ও শিশু পরিপালন)*
- *পরিবারে কে কোন কাজ করবে সেটি কে নির্ধারণ করে ? (সিদ্ধান গ্রহণ)*
- *কোন কাজটি পরিবারের আয়ে প্রধান ভূমিকা রাখে ?*
- *অর্থ ব্যয়ের সিদ্ধান্ত কে নিয়ে থাকে ? (সিদ্ধান্ত গ্রহণ)*
- *অর্থ কিভাবে ব্যয় করা হয় ? (নারী-পুরুষের পার্থক্য)*
- *পারিবারিক সম্পদের উপর নিয়ন্ত্রণ ও অধিকার কার ? (ক্ষমতা)*
- *পরিবারে, ক্ষেতে, সমাজে নারীর প্রকৃতই ক্ষমতাসীন হয়েছে এটা আমরা কিভাবে বুঝতে পাবরো?*

৬. অংশগ্রহণকারীদের কার্যক্রমটির সারমর্ম জানানোর জন্যে নীচের প্রশ্নগুলো করুন ঃ-

*কোন পদ্ধতিতে ও কাদের জন্যে আপনি এই কার্যক্রম পরিচালনা করবেন?*
*আপনি এখানে কি পরিবর্তন আনতে পারেন ?*

## References:


INGENAES (2015) Introductory Workshop on Integrating Gender and Nutrition with Agricultural Extension Services. Facilitator’s Guide. http://dev.ingenaes.illinois.edu/wp-content/uploads/Gender-and-Nutrition-Facilitators-Guide.pdf

USAID (2011) Tips for Conducting a Gender Analysis at the Activity or Project Level.https://www.usaid.gov/sites/default/files/documents/1865/201sae.pdf


বাংলাদেশ ইনস্টিটিউট অফ আইসিটি ইন ডেভেলপমেন্ট (বিআইআইডি) কর্তৃক বাংলায় অনুদিত


Designed to be shared.

This work is licensed under aCreative Commons Attribution 3.0 Unported License.
creativecommons.org/licenses/by/3.0

Prepared by Jan Henderson
University of Illinois at Urbana-Champaign

© INGENAES - Integrating Gender and Nutrition within Agricultural Extension Services

www.ingenaes.illinois.edu/library

Photo Credits: Jan Henderson